দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 13 NOV 2015 ...
পৃষ্ঠা ...১০... কলাম ...১-৩ ......

# যশোরে এসএসসির ফরম পূরণে বাড়তি টাকা আদায়

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ যশোরের । বিদ্যালয়গুলোতে এসএসসি পরীক্ষার ফরম পূরণে শিক্ষা বোর্ডের নির্ধারিত ফির চেয়ে বাড়তি টাকা আদায় করছে বলে অভিযোগ উঠেছে।

শিক্ষা বোর্ড সূত্র জানায়, এসএসসি পরীক্ষার ফরম পূরণের নির্ধারিত ফিস হলো বিজ্ঞান শাখায় ১ হাজার ৪শ' ৮৫ টাকা। মানবিক ও বাণিজ্য শাখায় ১ হাজার ৩শ' ৯৫ টাকা। এর মধ্যে রয়েছে ১২টি বিষয়ে ৭০ টাকা হারে ৮শ' ৪০ টাকা, ব্যবহারিক ফি ১শ' ৫০ টাকা, সনদপত্র ফি ১শ' টাকা, রিটেনশন ফি ১শ' টাকা, ট্রান্সক্রিপ্ট ফি ৩৫ টাকা, গার্লসগাইড ৩৫ টাকা, শিক্ষা সপ্তাহ ফি ৫ টাকা ও ব্যবহারিক ফি ৩০ টাকা অথচ বিদ্যালয়গুলো শিক্ষার্থীদের কাজ থেকে বাড়তি টাকা নিচ্ছে বলে অভিযোগ উঠেছে। কোচিং বা অতিরিক্ত ক্লাস ও মাল্টিমিডিয়া ক্লাসের নামে এ টাকা নেয়া হচ্ছে। খোঁজ নিয়ে জানা গেছে, যশোর পুলিশ লাইন স্কুলে বিজ্ঞান শাখায় নেয়া হচ্ছে ৩ হাজার টাকা, মানবিক ও বাণিজ্য শাখায় ২ হাজার ৮শ' টাকা। প্রিপারেটারি স্কুলে বিজ্ঞান শাখায় ৩ হাজার টাকা, বাণিজ্য ও মানবিক শাখায় ২ হাজার টাকা। নিউটাউন বাদশাহ ফয়সল স্কুলে বিজ্ঞান শাখায় ২ হাজার ৭শ' টাকা, বাণিজ্য ও মানবিক শাখায় ২ হাজার ৬শ' টাকা। মুসলিম একাডেমি স্কুলে বিজ্ঞান শাখায় ২ হাজার ৫শ' টাকা, বাণিজ্য ও মানবিক শাখায় ২ হাজার ৪শ' টাকা। এসব স্কুলে কোচিং ফি বা বাড়তি ক্লাসের নামে ৫শ' টাকা করে এবং মাল্টিমিডিয়া ক্লাস করানো বাবদ ১শ' টাকা হারে বেশি নিচ্ছে।

এ ব্যাপারে যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র জানান, কোন বিদ্যালয়ের বিরুদ্ধে এসএসসি পরীক্ষায় ফরম পূরণে বেশি টাকা নেয়ার অভিযোগ পেলে তদন্ত করা হবে। সত্যতা পাওয়া গেলে সে স্কুলকে শোকজ করা হবে।

নিজস্ব সংবাদদাতা, গাইবান্ধা থেকে জানান ॥ আসন্ন এসএসসির ফরম পূরণে বোর্ড নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত টাকা আদায়ের প্রতিবাদে বৃহস্পতিবার গাইবান্ধা শহরের ১নং ট্রাফিক মোড়ে মানববন্ধনের কর্মসূচী পালন করা হয়। মানববন্ধন শেষে জেলা প্রশাসক বরাবরে অভিযোগপত্র প্রদান করা হয়। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট গাইবান্ধা জেলা শাখা এই মানববন্ধনের আয়োজন করে।